তারিখ ... 23/10/74
পৃষ্ঠা ... 3 ... কলাম ... 1 ...

ইত্তেফাক



# মাধ্যমিক শিক্ষাকে তিনটি স্তরে বিন্যস্ত করার সুপারিশ

বর্তমান ক্যাডেট কলেজ ও আবাসিক মডেল স্কুলসমূহকে সাধারণ উচ্চ মাধ্যমিক স্কুলে রূপান্তরিত করার জন্য জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদ (এন ই এসি) সুপারিশ করিয়াছে।

এনা জানায়, অন্তর্বর্তী শিক্ষানীতির সংশোধিত প্রাথমিক খসড়ায় এই সুপারিশ করা হয়। চূড়ান্ত অনুমোদনের জন্য খসড়াটি লইয়া পরিষদে আলোচনা চলিতেছে। শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আবদুল বাতেনের সভাপতিত্বে গত শনিবার জাতীয় সংসদ ভবনে শিক্ষা উপদেষ্টা পরিষদের চতুর্দশ অধিবেশন অনুষ্ঠিত হয়। খসড়ায় বলা হয়, ক্যাডেট কলেজ ও আবাসিক মডেল স্কুলসমূহ বর্তমান সামাজিক অবস্থার সহিত খাপ খায় না। এগুলি শিক্ষা ক্ষেত্রে বৈষম্য সৃষ্টি করিয়াছে। এই ধরনের প্রতিষ্ঠানে লেখাপড়ার ব্যয়ও খুব বেশী বলিয়া খসড়ায় উল্লেখ করা হয়।

খসড়ায় মাধ্যমিক শিক্ষার তিনটি স্তর করার সুপারিশ করা হয়ঃ নিম্ন মাধ্যমিক (৩ বছর), মাধ্যমিক (২ বছর) এবং উচ্চ মাধ্যমিক (২ বছর)।

খসড়া অনুযায়ী উচ্চ মাধ্যমিক সাধারণ শিক্ষার সর্বশেষ স্তর হিসাবে পরিগণিত হইবে। অবশ্য প্রত্যেকটি স্তরের শেষেই জেলা শিক্ষা কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীনে ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

এই খসড়া অনুযায়ী তিনটি স্তরের যে কোন একটির ফাইনাল পরীক্ষায় নির্দিষ্ট কোন বিষয়ে উত্তীর্ণ হওয়ার পর পরীক্ষার্থীকে একটি পাস সার্টিফিকেট দেওয়া হইবে। তবে তাহাকে অবশ্যই পরবর্তী উচ্চ স্তরে প্রবেশের যোগ্যতা অর্জন করিতে হইবে।

সুপারিশে মাধ্যমিক স্তরে বাংলা ভাষার মাধ্যমে শিক্ষাদানের কথা বলা হইয়াছে। ষষ্ঠ শ্রেণী হইতে ইংরাজী দ্বিতীয় ভাষা হিসাবে শিক্ষা দেওয়া হইবে। নবম শ্রেণী হইতে একটি তৃতীয় ভাষা শিক্ষার বিষয় চালু করা যাইতে পারে।

খসড়ায় অবশ্য ইংরাজী পাঠ্যক্রম সহজতরকরণ এবং এবিষয়ে গ্রেস নম্বর দেওয়ার ব্যবস্থা রদ করার সুপারিশ করা হয়।